

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ: ৬ ভাদ্র, ১৪২১ বঙ্গাব্দ/ ২১ আগস্ট, ২০১৪ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং ২১৯ আইন/২০১৪।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৩ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিল এর —

(ক) ক্রমিক নম্বর ৬ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নম্বর ৬ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“ ৬ সহকারী ৩০ বৎসর ২৫% পদোন্নতির পদোন্নতির ক্ষেত্রে:
পরিচালক মাধ্যমে; এবং

ফিল্ড অফিসার পদে ৭ (সাত) বৎসরের চাকুরিসহ স্নাতক বা সমমানের ডিগ্রী অথবা ফিল্ড অফিসার পদে ১২ (বার) বৎসরের চাকুরিসহ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় দক্ষতা।

৭৫% সরাসরি সরাসরি নিয়োগের ক্ষেত্রে:

নিয়োগের
মাধ্যমে

প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রীসহ কম্পিউটার চালনায় দক্ষতা।”; এবং

(১৭০০১)

মূল্যঃ টাকা ৪.০০

(খ) ক্রমিক নম্বর ১২ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নম্বর ১২ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“ ১২	ফিল্ড অফিসার	৩০ বৎসর পদোন্নতির মাধ্যমে:এবং	৫০% পদোন্নতির মাধ্যমে:এবং	<u>পদোন্নতির ক্ষেত্রে:</u> জুনিয়র ফিল্ড অফিসার অথবা আপার ডিভিশন এসিসট্যান্ট অথবা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরিসহ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় দক্ষতা।
		৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে	<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u> (১) দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা; (২) উচ্চতাঃ পুরুষদের ক্ষেত্রে ৫ ফুট ৩ ইঞ্চি এবং মহিলাদের ক্ষেত্রে ৫ ফুট; এবং (৩) বুকের মাপঃ পুরুষ ও মহিলা উভয়ের ক্ষেত্রে ৩০ ইঞ্চি-৩২ ইঞ্চি (সম্প্রসারিত)ঃ	
			তবে, বিশেষ ক্ষেত্রে মহাপরিচালক কর্তৃক দফা (২) এবং (৩) এর যোগ্যতা শিথিলযোগ্য। ”।	

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার
পরিচালক।